

যথাযোগ্য মর্যাদায় সরস্বতী পূজা উদযাপিত



ব্যাপক উৎসাহ ও উদ্দীপনা আর নানা আনুষ্ঠানিকতার মধ্য দিয়ে ১০ ফেব্রুয়ারি-২০১৯, রবিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে উদযাপিত হচ্ছে সনাতন ধর্মাবলম্বীদের অন্যতম ধর্মীয় উৎসব সরস্বতী পূজা। জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় পূজা কমিটির উদ্যোগে পূজার আয়োজন করা হয়। দেবীর আগমন উপলক্ষে সনাতন ধর্মাবলম্বী শিক্ষার্থীরা পূজামন্ডপে দেবীর প্রতিমা স্থাপন করে। এবার পোগোজ ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজ (আই.ই.আর, জবি)-সহ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে মোট ৩৭টি পূজামন্ডপে পূজা অনুষ্ঠিত হয়। উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান পূজামন্ডপ সমূহ পরিদর্শন করেন। এসময় বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।